ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




ROSEDIN ● Vol. - 1 ● Issue - 32 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১৮৮ ● কলকাতা ● ২৭ আষাঢ়, ১৪৩২ ● শনিবার ● ১২ জুলাই ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# শমীক ভট্টাচার্যকে কেন্দ্র করে বিজেপি কেন্দ্রীয় নেতৃত্বের নতুন রসায়ন




**বেবি চক্রবর্তী:কলকাতা**


বাংলা বিজেপি মানেই মুখোমুখি দাঁড়িয়ে তৃণমূল তথা মমতার বিরোধিতা করা। আর এভাবেই তীব্র আক্রমন করেই বেশ কিছু আসন তারা ছিনিয়ে নিতে পেরেছিল। কিন্তু অংক বলছে পরে ওই থিওরিতে তাঁদের রক্তক্ষয় হয়েছে। সেই অবস্থায় সামনে বিধানসভা নির্বাচন। এবার বিজেপির নতুন যুগের নতুন মুখ শমীক ভট্টাচার্য। সায়েন্স সিটি প্রদর্শনী ময়দানে অনুষ্ঠানের মাধ্যমে বরণ করে নেওয়া হয় শমীক ভট্টাচার্যকে। প্রাক্তন রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ছাড়াও ছিলেন বিজেপির তাবড় তাবড় নেতারা। রাজ্য বিজেপি সভাপতির দায়িত্ব নেওয়ার পরেই 'গান্ধীগিরি' শমীক ভট্টাচার্যের। তিনি এ দিন বলেন, 'যাঁরা বোমা ছোড়েন তাঁদের হাতে কলম ধরাতে চাই।' স্পষ্ট ইঙ্গিত মুসলিম ভোটের দিকে। যখন শুভেন্দু স্পষ্ট মুসলিম বিরোধী লাইন নিয়েছে, সেই সময় শমীক নিয়েছেন বহুত্ববাদী লাইন।

তিনি আদি ও নব্য বিজেপি কর্মীদের বার্তা দিতে বলেন, 'পুরনোদের মনে রাখতে হবে নতুন মানুষ দলে না এলে পার্টি বড় হবে না। নতুনদের মনে রাখতে হবে পুরনো মানুষগুলো পরাজয় নিশ্চিত জেনেও দলের পতাকাটা ধরে রেখেছিলেন। তাঁরা দলটাকে এই জায়গায় নিয়ে এসেছেন।' স্বাভাবিক কারণেই প্রশ্ন উঠেছে এবার কি রাজ্যে বিজেপি চরম 'হিন্দুত্ব' থেকে সরে এসে নতুন রাজনৈতিক 'বহুত্ববাদের' দিকে ঝুঁকবে? সুকান্ত, শুভেন্দুর মুসলিম আক্রমনের ঝাঁজ কি কমবে? শমীকের নরম পন্থার কি প্রাধান্য ঘটবে? সময় তার উত্তর দেবে। কিন্তু আপাত দৃষ্টিতে মনে হচ্ছে - রাজ্য বিজেপিতে শমীক গবেষণামূলক এক নতুন রসায়ন আনতে চলেছে।






# পশ্চিমবঙ্গের মালদহে খুন তৃণমূল কর্মী !



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

জন্মদিনের পার্টি চলাকালীন খুন হলেন এক তৃণমূল কর্মী। মৃতের নাম আবুল কালাম আজাদ। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে ভারতের পশ্চিমবঙ্গের মালদহের ইংরেজবাজার থানার লক্ষীপুর এলাকায়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, মৃত আবুল কালাম আজাদের বাড়ি মানিকচকের গোপালপুর এলাকায়। বৃহস্পতিবার (১০ জুলাই ) রাতে তিনি তাঁর স্ত্রী সহ কয়েকজন ইংরেজবাজারের লক্ষীপুরে এক বাড়িতে জন্মদিনের পার্টিতে গিয়েছিলেন। অভিযোগ, রাতে ওই তৃণমূল কর্মীকে একটি ঘরে আটকে রাখা হয়। স্থানীয় পঞ্চায়েত সমিতির সদস্য ও তাঁর দলবল মিলে তাঁর উপর হামলা চালায় বলে অভিযোগ। আবুল কালাম আজাদকে বেধড়ক মারধর ও ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয় বলে অভিযোগ। স্বামীকে বাঁচাতে এসেছিলেন স্ত্রী ও অন্যান্যরা। তাঁদের উপরও হামলা চালানো হয় বলে অভিযোগ। পরে আক্রান্ত ওই তৃণমূল কর্মী ও আহতদের উদ্ধার করে মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই কর্তব্যরত চিকিৎসকরা আবুল কালাম আজাদকে মৃত বলে ঘোষণা করেেন। হামলার ঘটনায় ওই তৃণমূল কর্মীর স্ত্রীসহ ৩ জন গুরুতর আহত হয়েছেন।তাঁরা হাসপাতালে ভর্তি রয়েছেন। ইংরেজবাজার থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। ইতিমধ্যেই ২ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু হয়েছে। আর কারা ঘটনায় জড়িত, খতিয়ে দেখা হচ্ছে। কী কারণে এই ঘটনা, তাও খতিয়ে দেখছেন তদন্তকারীরা। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

## চুরির পর চুরি আতঙ্কে মানুষ, প্রশাসন সতর্ক না থাকলে চুরি বেড়েই চলবে মন্তব্য সাধারণ মানুষের

**অভিজিৎ সাহা**

একের পর এক চুরির ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছে নবদ্বীপ শহরবাসী। শহরের দক্ষিণ থেকে উত্তর বিভিন্ন প্রান্তে মন্দির থেকে বসত বাড়ী ও শিক্ষা প্রতিষ্ঠানে ঘটছে চুরির ঘটনা। মঙ্গলবার ভোরে চুরির ঘটনাটি ঘটে নবদ্বীপ পৌরসভার ১৭ ও ১৮ নম্বর ওয়ার্ডের সংযোগস্থল দেয়ারা পাড়া রোডে এলানিয়া কালীমাতা মন্দির সংলগ্ন আলোক নাথ শিব মন্দিরে। ঘটনার খবর পেয়ে এদিন সকালে ঘটনাস্থলে তদন্তে আসেন দুইজন আধিকারিকের নেতৃত্বে নবদ্বীপ থানার পুলিশ। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসেন ১৭ ও ১৮ নম্বরের দুই কাউন্সিলর সহ মন্দির কমিটির

এরপর ৩ পাতায়

## কুলপিতে মাছের জালে চারটে বিষাক্ত কেউটে ধরা পড়ে, আতঙ্ক বাসিন্দাদের

**সানওয়ার হোসেন কুলপি**



গত কয়েক দিনের প্রবল বর্ষানে দক্ষিণ ২৪ পরগনার অধিকাংশ জায়গাই জলের তলায়। পুকুর, নদী, খাল, বিল প্রায় এক হয়ে গেছে। এই অবস্থায় কুলপি থানার গাজীপুর পঞ্চায়েতের বাঁশবেড়িয়া গ্রামে জেলেদের জালে ধরা পড়ে ৫ টি বিভিন্ন প্রজাতির কেউটে সাপ। জেলেদের তৎপরতার মাঝেই একটি সাপ পালিয়ে গেলে বাকি চারটি সাপকে তারা জালবন্দি করে। খবর ছড়িয়ে পড়তেই এলাকায় ভিড় জমে যায়। একসঙ্গে এতগুলো বিষাক্ত সাপ দেখে গ্রামের মানুষ, বিশেষ করে যারা মাঠে, ঘাটে কাজ করেন তারা সন্ত্রস্ত হয়ে ওঠেন। জীবনের ঝুঁকি নিয়ে তাদের জীবিকার কারণে মাঠে নামতে হবে।

স্বাভাবিক কারণেই ভীত গ্রামবাসীদের একাংশ ওই বিষাক্ত সাপগুলোকে মেরে ফেলার চেষ্টা করে। কিন্তু এলাকার পঞ্চায়েত সদস্য সাপ মারতে নিষেধ করে দ্রুত বনদপ্তরে খবর দেন। বনদপ্তরের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে এসে চারটি সাপকে উদ্ধার করে নিয়ে যায়। স্বাভাবিক কারণেই এতগুলো বিষাক্ত সাপ দেখে সন্ত্রস্ত হয়ে ওঠে এলাকার মানুষ। তার মধ্যে একটি সাপ পালিয়েও যায়। গর্তের সাপ ডাঙায় চলে আসায় আতঙ্কিত এলাকাবাসী। বনদপ্তর গ্রামবাসীদের আশ্বস্ত করেছে।

## সেদিন এমনই ছিল স্বপ্নে রাঙা ভুবন ডাঙ্গার মাঠে

**সুবল সরদার**



ভুবন ডাঙ্গার মাঠে  
সেদিন এমনিই ছিল বৃষ্টিভেজা বিকাল বেলা ।  
টাপুর টুপুর বৃষ্টি পড়ে  
আকাশ ঢাকা মেঘে  
খোলা বাতাস যায় গান গেয়ে উড়ে ।  
গাছপালা কালো কালো হয়ে  
আবছা হয় ছবি ।  
পথের পরে কে ওই দুজন পায়ে পায়ে হেঁটে ।  
ওই আকাশে গায়ে বৃষ্টির ছড়া  
মাঠের পরে ঘাসে ঘাসে ভেজা  
গাছপালা -আলপনা আঁকা।  
সেদিন এমনই ছিল স্বপ্নে রাঙা ভুবন ডাঙ্গার মাঠে ।

(২ পাতার পর)

# চুরির পর চুরি আতঙ্কে মানুষ, প্রশাসন সতর্ক না থাকলে চুরি বেড়েই চলবে মন্তব্য সাধারণ মানুষের

সদস্যরা। মন্দির কমিটির সদস্য ও এক প্রত্যক্ষদর্শী যুবক জানান, সোমবার গভীর রাতে এলানিয়া শিবতলা এলাকায় শতাব্দী প্রাচীন এলানিয়া কালী মন্দির ও আলোকনাথ শিব মন্দিরে একের পর এক তালা ভেঙে মন্দিরের প্রণামী বাক্সে থাকা নগদ টাকা ও আলমারির লকার ভেঙে রুপোর গহনা চুরি করে পালায় একাধিক দুষ্কৃতী। পরে মন্দিরের সিসিটিভি ফুটেজ সামনে আসতেই এলাকায় ছড়িয়ে পড়ে তীব্র চাঞ্চল্য, সিসিটিভি ফুটেজে পরিষ্কার এক যুবককে নির্বিঘ্নে হেটে যেতে দেখা যাচ্ছে বলে জানান স্থানীয় মানুষজন।

ঘটনাটি প্রথম নজরে আসে মন্দির সংলগ্ন আলোকনাথ ভবনের বাসিন্দা সঞ্জয় সাহার। তিনি বলেন আমি ভোর রাতে দেখি দুষ্কৃতীরা আমার বাড়ির দিকে ঢুকছে,সেই সময় আমি চোর চোর বলে চেঁচামেচি করতেই দুষ্কৃতীরা পালিয়ে যায়। তারপর ভোরের আলো ফুটতেই একে একে মন্দিরে ভিড় জমাতে শুরু করে মন্দির কমিটির সদস্য ও স্থানীয় বাসিন্দারা। মন্দির কর্তৃপক্ষ সূত্রে জানা যায়,দুষ্কৃতীরা প্রণামী বাক্স থেকে নগদ বেশ কয়েক হাজার টাকা ও আলমারি ভেঙ্গে রুপোর গহনা নিয়ে পালিয়ে যায়।

পুলিশ প্রশাসন থেকে সাধারণ মানুষ আতঙ্কিত। সিসিটিভির ফুটেজ থাকা সত্ত্বেও তারা গামছা দিয়ে মুখ ঢেকে আসার জন্য কোনরকম চিহ্নিত করা যাচ্ছে না। ৪৮ ঘন্টার ব্যবধানে ফের চুরি নবদ্বীপ গৌরাঙ্গ সেতু রোডের রেলগেট এলাকায়।

৭ই জুলাই সোমবার রাতের পর আবার ৯ই জুলাই বুধবার রাতে দুঃসাহসীক চুরির ঘটনায় রেলগেট এলাকায় তীব্র চঞ্চল্য ছড়ায়। এলানিয়া শিবতলার আলোক নাথ শিব মন্দিরের চুরির রেশ কাটতে না কাটতেই মাত্র ৪৮ ঘণ্টার ব্যবধানে আবারো দুঃসাহসিক চুরির ঘটনা ঘটলো নবদ্বীপ পৌরসভার ২৪ নম্বর ওয়ার্ডের রেলগেট সংলগ্ন গৌরাঙ্গ সেতু রোড এলাকার একটি মাইকের দোকানে। বুধবার রাতে ওই মাইকের দোকানের তালা ভেঙে ৮টি এমপ্লিফায়ার মেশিন চুরি করে নিয়ে যায় দুষ্কৃতীরা। বৃহস্পতিবার সকালে চুরির খবর পেয়ে দোকানে ছুটে আসেন দোকানের মালিক দীপক সরকার।খবর দেওয়া হয় নবদ্বীপ থানায়,খবর পেয়ে ঘটনাস্থলে তদন্তে আসেন নবদ্বীপ থানার পুলিশ। চুরির বিষয়ে দোকান মালিক দীপক সরকার জানান,বুধবার রাত সাড়ে দশটা নাগাদ দোকান বন্ধ করে আমি বাড়ি যাই । এদিন সকালে প্রতিবেশী দোকানদারদের কাছ থেকে খবর পাই যে, আমার দোকানে একাধিক তালা ভেঙে চুরি হয়েছে।

২৪নং ওয়ার্ড কাউন্সিলার পারুল দেবনাথ বলেন শহরে চুরি বেড়ে যাওয়াতে পৌরসভা এবং পুলিশ প্রশাসন খুবই চিন্তিত। রেলগেটে যে সি সি ক্যামেরা আছে একটি খারাপ হয়ে আছে। আমরা এলাকার মানুষ সহ ব্যবসায়ীদের নিয়ে আলোচনা করবো এবং কি ভাবে এই চুরির হাত থেকে রক্ষা পাওয়া যায় তার ব্যবস্থা করা হবে।

জন সাধারণ বলছেন প্রশাসন কেন নিশ্চুপ? সারারাত ব্যাপী পুলিশের টহলদারি গাড়ি কোথায় থাকে! রাত্রে পুলিশের টহলদারি বাড়ানো প্রয়োজন। প্রয়োজন হলে আবার নৈশরক্ষী বাহিনী করে প্রতিটি এলাকায় পাহাড়া দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন। পৌরসভা,পুলিশ প্রশাসন, সাধারণ মানুষ সকলে আলোচনার মাধ্যম দিয়ে দ্রুত ব্যবস্থা না নিলে চোরের উপদ্রব বেড়েই চলবে।


# পশ্চিমবঙ্গে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা:-** বিহারের পরে পশ্চিমবঙ্গে শুরু হয়ে গেলো ভোটার তালিকা সংশোধনের কাজ। এদিকে বিহারের ভোটার তালিকা সংশোধন নিয়ে বিরোধী দলগুলির তীব্র প্রতিবাদ জাগিয়েছে। সুপ্রিম কোর্টে এই নিয়ে মামলাও হয়েছে। মনে করা হচ্ছে যে বিহার মডেলেই সারা দেশে অনুকরণ করা হবে। বিহারের পরে পশ্চিমবঙ্গে এই ভোটার তালিকা সংশোধনের কাজ হবে। ইকোনমিক টাইমসের একটি প্রতিবেদন অনুসারে, রাজ্য নির্বাচন কমিশনের (সিইও) অফিস ভারতীয় নির্বাচন কমিশনের (ইসিআই) বিজ্ঞপ্তির জন্য অপেক্ষা না করেই এর জন্য অভ্যন্তরীণ প্রস্তুতি জোরদার করেছে। পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক (সিইও) মনোজ আগরওয়াল এখনও পর্যন্ত নির্বাচন কমিশনের কাছ থেকে কোনও আনুষ্ঠানিক চিঠিপত্র পাননি, তবে তাঁর দফতর থেকে বলা হয়েছে, 'আমরা সমস্ত প্রস্তুতি নিচ্ছি যাতে বিজ্ঞপ্তি আসার সাথে সাথে আমরা অবিলম্বে কাজ শুরু করতে পারি। অগস্ট থেকে শুরু হয়ে অক্টোবর পর্যন্ত চলতে পারে।' প্রতিবেদনে বলা হয়, বাংলায়

এরপর ৪ পাতায়

# কাশ্মীরে পর্যটক টানতে নবান্নে ওমর আব্দুল্লা



**বেবি চক্রবর্তী : কলকাতা**

নবান্নে এসে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সাক্ষাতের পর সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে সেকথাই বললেন কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। পহেলগাঁও কাণ্ডের জন্য আতঙ্কিত না হয়ে বাংলার পর্যটকদের আরও বেশি করে কাশ্মীরমুখী হওয়ার আহ্বান জানালেন তিনি। ভ্রমণপ্রিয় বাঙালির কাছে কাশ্মীর বরাবরই 'ড্রিম ডেস্টিনেশন'। প্রতিবছর বাংলা থেকে বিপুল সংখ্যক পর্যটক যান সেখানে। চলতি মরশুমেও তার অন্যথা হয়নি। প্রচুর পর্যটক কাশ্মীরমুখী হয়েছিলেন। কিন্তু এপ্রিলে পহেলগাঁও হামলার পর পর্যটকরা খানিকটা আতঙ্কে। অনেকেই যাবেন কি না, তা নিয়ে দোনামোনা করেছেন। সেই ভয়ংকর জঙ্গি হানার ২ মাস পর বৃহস্পতিবার নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করলেন কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা। বেশ কিছুক্ষণ বৈঠক করেন তাঁরা।

এরপর নবান্নের বাইরে সাংবাদিকদের মুখোমুখি হন মমতা ও ওমর। সেখানেই বাংলা ও কাশ্মীরে সুমধুর সম্পর্কের কথা তুলে ধরেন তিনি ওমর। বলেন, "বাংলার সঙ্গে কাশ্মীরের বরাবরই অত্যন্ত ভালো সম্পর্ক।" এরপরই বাঙালি পর্যটকদের কাশ্মীরে আমন্ত্রণ জানান তিনি। বলেন, "পর্যটকরা আসুন, ভয় পাবেন না। আরও বেশি করে পর্যটক কাশ্মীরে আসুন।" ওমর আবদুল্লার পাশে দাঁড়িয়েই রাজ্যবাসীকে কাশ্মীরে যাওয়ার পরামর্শ দিলেন মমতা। বললেন, "ওঁরা নিরাপত্তা দেবে।"

## সম্পাদকীয়

### একই সময়ে দিল্লিতে, তবু দেখা হল না শমীক-দিলীপের

প্রাক্তন ও বর্তমান। দু'জনেই দিল্লিতে। বলা ভালো, দু'জনেই ছিলেন সংসদে। অথচ সন্ধির ৪৮ ঘণ্টার মধ্যেই কি ছন্দপতন? রাজধানীতে বঙ্গ বিজেপির দুই নেতাকে নিয়ে জোর জল্পনা।

কিন্তু সদস্য সংগ্রহ অভিযান ও সভাপতি নির্বাচন সম্পন্ন হলেও বাংলায় দলের সংগঠন যে এখন দুর্বল তা স্বীকার করে শমীক জানান, রাজ্যে এমন প্রায় ১৫ থেকে ২০ হাজার বুথ রয়েছে যেখানে বিজেপি কমিটি গঠন করে পারে না। এগুলো পুরোটাই সংখ্যালঘু অধ্যুষিত।কারণ একই সময়ে দিল্লিতে থাকলেও মুখোমুখি হলেন না বঙ্গ বিজেপির বর্তমান সভাপতি শমীক ভট্টাচার্য ও প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ।অথচ বুধবার দিলীপ দলীয় কার্যালয়ে গিয়ে শীর্ষনেতৃত্বের সঙ্গে বৈঠক করার ২৪ ঘণ্টার মধ্যে বিজেপির সাধারণ সম্পাদক সংগঠন বিএল সন্তোষ ও বাংলার পর্যবেক্ষক সুনীল বনশলের সঙ্গে বৈঠক করলেন শমীক। শুক্রবার সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সঙ্গেও দেখা করবেন তিনি। দিল্লিতে পা রেখেই বাংলায় দলের সংগঠন নিয়ে মুখ খোলেন তিনি। রাজ্যের অনেক বুথেই যে এজেন্ট দেওয়ার পরিস্থিতিতে বিজেপি নেই তাও অকপট স্বীকার করেন নেন।

দলের দায়িত্ব পেয়েই রাজ্যের সংখ্যালঘুদের বার্তা দিচ্ছেন শমীক ভট্টাচার্য। কিন্তু তাঁর এই বার্তায় সংখ্যালঘুরা সাড়া দেবে কিনা তা নিয়ে সন্দিহান দল। তাই তৃণমূল বিরোধী ভোট ভাগ না হওয়ার আবেদন জানালেন তিনি। কিন্তু ভোট ভাগ করার আবেদন করেও রাজ্য একলা চলোর নীতিতেই যে বিজেপি হাঁটবে তাও স্পষ্ট করেন। এদিন জানান, "তৃণমূল কাদের সঙ্গে জোট করবে জানা নেই। কিন্তু বিজেপি একাই লড়াই করবে।" কিন্তু রাজ্যের সংখ্যালঘুরা যেভাবে তৃণমূলের ভোটবাক্স ভরিয়ে রেখেছে তাতে জয় কীভাবে সম্ভব। প্রশ্নে শমীকের জবাব, আসম মডেল অনুসরণ করবেন তাঁরা। সেখানে শুধুমাত্র সংখ্যাগুরুদের ভোটে যেভাবে বিজেপি ক্ষমতায় এসেছে বঙ্গেও এমনই ঘটনা ঘটতে চলেছে বলে জানান। আর সেই লড়াইয়ে নব্য ও আদি বিজেপি এক হয়ে করবে বলেও দাবি করেন।

# তুমি লক্ষ্মী-সরস্বতী



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



পালিত হয়। আর সেখানে দল বেঁধে অঞ্জলি দেয় শিক্ষার্থীরা। মানুষের ভেতরের পশুকে নিবৃত্ত করে জ্ঞান দান করেন বিদ্যার দেবী সরস্বতী। মা সরস্বতীর জ্ঞানের দেবী, বিদ্যার দেবী, ললিতকলার দেবী। কয়েক দিন ধরেই এ পূজাকে ঘিরে ছাত্রছাত্রীরা আনন্দিত। গতকাল রাতেই মূর্তি স্থাপন করে পূজার সব আয়োজন সম্পন্ন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলসহ সারা বাংলাদেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে স্কুল থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়ে এ দিনে সবাই মিলে খিঁচুড়ি, লাবড়া, লুচি ও অন্যান্য মিষ্টিজাতীয় দ্রব্য, ফলমূল বিশেষত কূল খাওয়া হয়। আবার সন্ধ্যাবেলায় আরতি উৎসব এবং নাচে-গানে মেতে ওঠে সবাই। সনাতন ধর্মের এ অন্যতম ধর্মীয় উৎসব এবার আবার ফাল্গুনের প্রথম দিনে হওয়াতে বসন্তের বাসন্তী আমেজের সাথে ধর্মীয় উৎসবের আমেজ মিলেমিশে একাকার।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# পশ্চিমবঙ্গে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে

আগামী ১ অগস্টের দিকে ভোটার তালিকা সংশোধন শুরু হতে পারে, যা অক্টোবরের শেষ নাগাদ শেষ হবে। এরপর প্রয়োজনে নভেম্বর-ডিসেম্বর মাসেও সামারি রিভিশন করা যাবে। বিহারের ধাঁচে আগে থেকে ছাপানো গণনার ফর্মের তালিকা এবং একটি নির্দিষ্ট নথির ভিত্তিতে বাংলায় এসআইআর পরিচালিত হবে। তবে সুপ্রিম কোর্টের কার্যক্রম এবং অন্যান্য আইনি পরামর্শের উপর নির্ভর করে কিছু অতিরিক্ত নথি অন্তর্ভুক্ত করা যেতে পারে যাচাই-বাছাইয়ে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল বলেন, 'এসআইআর কবে শুরু হবে তা আমরা বলতে পারছি না, তবে আমরা পুরোপুরি প্রস্তুত। নির্বাচন কমিশনের নোটিফিকেশন ও গাইডলাইন পেলেই আমরা কাজ শুরু করব।' তিনি আরও বলেন, বুথ স্তরের অফিসার (বিএলও) সহ সিইও অফিস এবং জেলা স্তরে শূন্য পদগুলি পূরণ করা হচ্ছে। এখনও পর্যন্ত রাজ্যের প্রায় ৭০ শতাংশ জেলা নতুন ভোটকেন্দ্র নির্বাচন নিয়ে ইআরও এবং স্থানীয় থানাগুলির সঙ্গে বৈঠক করেছে। ১৫ জুলাইয়ের মধ্যে এই প্রক্রিয়া শেষ হবে বলে দাবি করা হয়েছে।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

নিঃসন্দেহে পুরুষতান্ত্রিক কল্পনা, মাতৃকা যেখানে কেন্দ্রের বদলে পরিধিতে।। পরশুরাম বা পরশুরামেশ্বর মন্দির, ভুবনেশ্বর। ছবি পিন্টারেস্ট থেকে।

প্রচলিত বক্তব্য হল দীপান্বিতা কালীপুজোর বিধিব্যবস্থা অষ্টাদশ শতকে কাশীনাথ রচিত

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# উপাচার্যরাই ভারতের বৌদ্ধিক ভবিষ্যতের দীপ্তিবাহক : ডঃ সুকান্ত মজুমদার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



শিক্ষামন্ত্রকের পক্ষ থেকে গুজরাটের কেভাদিয়ায় কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলি উপাচার্যদের ২ দিনের এক সম্মেলনের আয়োজন করা হয়। ১০ এবং ১১ জুলাই এই সম্মেলনে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী শ্রী ধর্মেন্দ্র প্রধান, শিক্ষা প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার, মন্ত্রকের পদস্থ আধিকারিকবৃন্দ এবং কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলির উপাচার্যরা উপস্থিত ছিলেন।

ডঃ সুকান্ত মজুমদার সমাপ্তি অধিবেশনে বলেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ ভারতীয় শিক্ষাব্যবস্থাকে আন্তর্জাতিক স্তরে প্রতিযোগিতামুখী গড়ে তুলতে এক দূরদর্শী ভবিষ্যৎ বান্ধব সংস্কারের লক্ষ্য নিয়ে গড়ে তোলা হয়েছে। তিনি বলেন, উচ্চশিক্ষায় মহিলাদের যোগদান উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ২০১৪-১৫-তে উচ্চশিক্ষায় মেয়েদের সংখ্যা যেখানে ছিল এক কোটি ৫৭ লক্ষ, তা ২০২১-২২-এ ৩২ শতাংশ বৃদ্ধি পেয়ে ২ কোটি ৭ লক্ষতে দাঁড়িয়েছে। স্বয়ম জাতীয় পোর্টালের মাধ্যমে প্রযুক্তিকে শিক্ষার অন্তর্ভুক্ত করা হয়েছে।

ডঃ মজুমদার বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্ব জাতীয় শিক্ষানীতি ২০২০ কেবল এক সংস্কার নয়, বরং ভারতীয় শিক্ষা ব্যবস্থায় এক রেনেসাঁ। ভারতীয় সভ্যতার মূল ভাবাদর্শে প্রথিত হয়েও এই শিক্ষানীতি, প্রত্যেক শিক্ষার্থীকে বিশ্বমানের ভাবনায় চালিত হওয়ার প্রেরণা জোগাচ্ছে। তিনি জাতীয় শিক্ষানীতির প্রসারে বিশ্ববিদ্যালয়ের পরিমন্ডলে গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রকে আরও বেশি করে যুক্ত করার আহ্বান জানিয়েছেন।

সমাপ্তি অধিবেশনে মন্ত্রকের সচিব ডঃ বিনীত যোশী বলেন, ভারতীয় জ্ঞান ব্যবস্থা এবং ভারতীয় ভাষাসমূহ কেবল সাংস্কৃতিক পরম্পরা নয়, তা শিক্ষা ক্ষেত্রে সামর্থ্য ও পরিচিতির এক অভিন্ন সূত্র।

বিকশিত ভারত ২০৪৭-এ কৌশলগত ক্ষেত্র রচনার পথকে এগিয়ে নিয়ে যেতে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়গুলি পরবর্তী আলোচনার জন্য কৌশল পত্র তৈরি করবে। এই সম্মেলনের একটি উল্লেখযোগ্য দিক হল উপাচার্যরা জাতীয় শিক্ষানীতির মূল ভিত্তিগুলি নিয়ে আলোচনা করেছেন। প্রতিষ্ঠানগত পরিচালনা, শিক্ষা ক্ষেত্রে উদ্ভাবন, ডিজিটাল শিক্ষা, গবেষণার উৎকর্ষ এবং বৈশ্বিক সংযোগ গড়ে তুলতে সুযোগ, সমতা, গুণগতমান, সাশ্রয়ী শিক্ষা এবং বিশ্বাসযোগ্যতার ওপর আলোকপাত করা হয়েছে। দিল্লি বিশ্ববিদ্যালয়, জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়, জামিয়া মিলিয়া ইসলামিয়া, অসম বিশ্ববিদ্যালয়, বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়, ইগনু, নালন্দা বিশ্ববিদ্যালয়, কাশ্মীরে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়, টাটা ইন্সস্টিটিউট অফ সোশ্যাল সায়েন্সেস প্রভৃতির যোগদান ভারতের শিক্ষা পরিমন্ডলের বৈচিত্র্যের মধ্যে ঐক্যকে তুলে ধরেছে এবং নানা প্রাতিষ্ঠানিক বক্তব্য এতে প্রকাশ পেয়েছে।

# সোশ্যাল মিডিয়ায় আলাপ জমিয়ে ফেক আইডির মাধ্যমে হুগলির এক তরুণীর কাছ থেকে ৪৪ লক্ষ টাকা প্রতারণার অভিযোগ



**বলাইচাঁদ মুখোপাধ্যায়, কামারকুন্ডু হুগলী**

সোশ্যাল মিডিয়ায় একটি ম্যাট্রিমোনিয়া সাইটে আলাপ জমিয়ে হুগলির এক তরুণীর কাছ থেকে ৪৪ লক্ষ টাকা প্রতারণার অভিযোগে দুইজনকে গ্রেফতার করা হয়েছে। হুগলির সাইবার ক্রাইম থানায় আজ এক সাংবাদিক সম্মেলনে হুগলির অতিরিক্ত পুলিশ সুপার কল্যাণ সরকার জানান প্রতারিত অভিযোগকারীনি মহিলার অভিযোগের ভিত্তিতে তদন্ত করতে গিয়ে জানা যায় যে এক ব্যক্তি নিজেকে চালের ব্যবসায়ী বলে উল্লেখ কোরে তরুণী এবং তার পরিবারের মধ্যে সম্পর্ক তৈরি করে, পরে ব্যবসায় কিছু অসুবিধার কারণে টাকার প্রয়োজন পড়লে ওই মহিলাকে একটি ফেক আইডিতে কিছু টাকা পাঠানোর প্রস্তাব দেয়। তারই পরিপ্রেক্ষিতে ধাপে ধাপে প্রায় ৪৪ লক্ষ টাকা ওই তরুণী পাঠায়। পরে অভিযুক্ত ওই আইডি বন্ধ করে দেয় এবং তরুণী বুঝতে পারে যে তিনি প্রতারিত হয়েছেন। পুলিশ জানায় যাদের গ্রেফতার করা হয়েছে তাদেরকে অভিযুক্ত ব্যবসায়ের ম্যানেজার বলে উল্লেখ করে তরুণী এবং তার পরিবারের সঙ্গে কথোপকথন করতো। তদন্ত চালিয়ে অভিষেক রায় নামে একজনকে ঝাড়খণ্ডের দেওঘর থেকে এবং অপরজন জাহির আব্বাসকে হুগলির খানাকুল থেকে গ্রেফতার করা হয়েছে। কিন্তু মূল অভিযুক্ত এখনো অধরা। এখন পর্যন্ত কিছু টাকা এবং কয়েকটি মোবাইল উদ্ধার করা হলেও মূল অভিযুক্তের সন্ধানে তদন্ত চলছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ইচ্ছামতো সূর্যস্নান করতে পারবেন না ট্রাম্প, ড্রোন হামলা হতে পারে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আর আগের মতো নিশ্চিন্তে ফ্লোরিডার মার-আ-লাগো প্রাসাদে রোদ পোহাতে পারবেন না। কারণ, যেকোনো সময় তার ওপর একটি ছোট ড্রোন আঘাত হানতে পারে। ইরানের সর্বোচ্চ নেতার ঘনিষ্ঠ উপদেষ্টা জাওয়াদ লারিজানি ট্রাম্পকে এই হুঁশিয়ারি দিয়েছেন।

সম্প্রতি ইরানের টেলিভিশনে এক সাক্ষাৎকারে তিনি বলেন, ট্রাম্প এমন কাজ করেছেন, যার ফলে এখন আর তিনি নিশ্চিন্তে পেট উঁচিয়ে রোদে শুয়ে থাকতে পারবেন না। এমনকি একটা ছোট ড্রোন তার নাভিতেই আঘাত হানতে পারে। বিষয়টা খুবই সহজ।

জাওয়াদ লারিজানি ইরানের রাজনীতিতে অন্যতম প্রভাবশালী একটি পরিবারের সদস্য এবং বহু বছর ধরে সুপ্রিম লিডার আয়াতুল্লাহ আলি খামেনির উপদেষ্টা। তার এই বক্তব্য এসেছে এমন এক সময়ে, যখন 'ব্লাড প্যাক্ট' নামে একটি অনলাইন প্ল্যাটফর্ম আলোচনার কেন্দ্রে উঠে এসেছে।

**১০ কোটি ডলারের প্রতিশোধ তহবিল**

'ব্লাড প্যাক্ট' নামের এই প্ল্যাটফর্মটি জানিয়েছে, তাদের উদ্দেশ্য হলো— যারা ইরানের সর্বোচ্চ নেতা আলি খামেনিকে ব্যঙ্গ করেছে বা তার জীবনের প্রতি হুমকি সৃষ্টি করেছে, তাদের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া। এজন্য তারা একটি বিশেষ তহবিল গঠনের ঘোষণা দিয়েছে, যার লক্ষ্য ১০ কোটি মার্কিন ডলার সংগ্রহ করা। তারা দাবি করছে, ইতোমধ্যে তারা ৪ কোটিরও বেশি ডলার সংগ্রহ করেছে।

ওই ওয়েবসাইটের হোমপেজে বলা হয়েছে, যারা আল্লাহর শত্রু এবং সর্বোচ্চ নেতার জীবন হুমকির মুখে ফেলেছে, তাদের বিচারের আওতায় আনতে যারা ভূমিকা রাখবেন, তাদের জন্য পুরস্কার রাখা হয়েছে।

**ইসলামি গোষ্ঠীগুলোর আহ্বান ও প্রতিক্রিয়া**

ইরানের বিপ্লবী গার্ডস বাহিনীর ঘনিষ্ঠ সংবাদ সংস্থা ফার্স নিউজ এই উদ্যোগকে সমর্থন জানিয়ে মুসলিম গোষ্ঠীগুলোকে পশ্চিমা দূতাবাস ও জনসমাগমস্থলে প্রতিবাদ সভা করার আহ্বান জানিয়েছে। এছাড়া ইরানের কয়েকজন শীর্ষস্থানীয় আলেম ও রাজনৈতিক নেতা ট্রাম্প এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে ইসলামি শাস্তির বিধান মোহারেবেহ প্রয়োগের দাবি তুলেছেন। (মোহারেবেহ অর্থ— আল্লাহর বিরুদ্ধে যুদ্ধ, যা ইসলামে সবচেয়ে গুরুতর অপরাধ এবং এর শাস্তি মৃত্যুদণ্ড)।

**সোলেইমানি হত্যার প্রতিশোধেই উত্তেজনা**

প্রসঙ্গত, ২০২০ সালের জানুয়ারিতে ইরাকের বাগদাদে মার্কিন ড্রোন হামলায় ইরানের প্রভাবশালী জেনারেল কাসেম সোলেইমানিকে হত্যা করেছিলেন ট্রাম্প। এই ঘটনার পর থেকেই ইরানে তার বিরুদ্ধে তীব্র জনরোষ বিরাজ করছে।

যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থাগুলোর মতে, ওই ঘটনার প্রতিশোধ নিতে ইরানের বিপ্লবী গার্ড বাহিনী একাধিকবার ট্রাম্পকে টার্গেট করে হামলার পরিকল্পনা করেছে। বর্তমানে অনলাইন প্ল্যাটফর্মের হুমকি, তহবিল গঠন, ইসলামি আইন প্রয়োগের দাবি এবং রাষ্ট্রীয় ও অর্ধ-রাষ্ট্রীয় সংস্থাগুলোর অবস্থান— সব মিলিয়ে পরিস্থিতি আবার নতুন করে উত্তপ্ত হয়ে উঠছে।

## ডেপুটেশন ঘিরে বারাসাত জেলাশাসক দপ্তর উত্তাল




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**উত্তর ২৪ পরগনা:-** ডেপুটেশন ঘিরে বারাসাত জেলাশাসক দপ্তর উত্তাল, জেলাশাসক দপ্তরের মুল গেট ভেঙে ফেলে বিক্ষোভকারীরা

সমস্ত কলেজে তৃণমূলের ঘুঘুর বাসা ভেঙে দাও গুঁড়িয়ে দাও এই স্লোগান তুলে পাশাপাশি কসবায় ছাত্রীকে নিশংস ধর্ষণ এবং রাজ্যের বেহাল দশা নিয়ে বারাসাতে জেলাশাসক দপ্তরে ডেপুটেশন দিতে আসে স্টুডেন্ট ফ্রন্ট। প্রথমে তারা বারাসাত গভমেন্ট কলেজের সামনে বিক্ষোভ দেখায় তারপর মিছিল করে বারাসাত জেলা শাসকের ডেপুটেশন দিতে যায়। ডেপুটেশন দিতে গিয়ে দপ্তরে প্রবেশ করার সময় পুলিশের সাথে ধস্তাধস্তিতে জড়িয়ে পড়ে। জেলাশাসক দপ্তরের মুল গেট ভেঙে ফেলে বিক্ষোভকারীরা। সেই মুহূর্ত থেকে উত্তপ্ত হয়ে ওঠে গোটা এলাকা । এরপরই একাধিক বিক্ষোভকারীদের বারাসাত থানার বিশাল পুলিশ বাহিনী এসে আটক করে নিয়ে যায়।

## ভাঙড়ে খুন শওকত মোল্লার ঘনিষ্ঠ টি এম সি নেতা রজ্জাক



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা:-** ভাঙড় আছে ভাঙড়ে। কোনো পরিবর্তন হয় নি। খুন, জখম, হত্যা ভাঙড়ে লেগেই আছে। বৃহস্পতিবার রাতে বাড়ি ফেরার পথে মাঝরাস্তায় চালতাবেড়িয়ার গুরুত্বপূর্ণ তৃণমূল নেতা রজ্জাক খাঁকে লক্ষ্য করে গুলি করা হয় বলে অভিযোগ। সঙ্গে সঙ্গে রাস্তায় লুটিয়ে পড়েন তিনি। ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লার ঘনিষ্ঠ বলে পরিচিত রজ্জাক খাঁ। তাঁর গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় উত্তেজনা ছড়িয়েছে এলাকায়। জানা গিয়েছে, এদিন ভাঙড় থেকে বাড়ি ফিরছিলেন রজ্জাক খাঁ। আচমকা কয়েকজন দুষ্কৃতী তাঁকে গুলি করে পালিয়ে যায়। প্রত্যক্ষদর্শীদের দাবি, ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন রজ্জাক। সেখানেই তাঁর মৃত্যু হয় বলেও জানা গিয়েছে।

খবর পেয়ে ঘটনাস্থলে যাচ্ছে বিশাল পুলিশ বাহিনী। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নিয়ে যাওয়া হয়েছে। গুলি করার পাশাপাশি নৃশংসভাবে কোপানো হয়েছে বলেও অভিযোগ বিধায়ক শওকত মোল্লার। আইএসএফ-এর দিকে আঙুল তুলেছেন তিনি। শওকত মোল্লা জানান, বৃহস্পতিবার তৃণমূলের পরপর দুটি বৈঠকে যোগ দিয়েছিলেন রজ্জাক। সেই মিটিং শেষ করে বাড়ি ফিরছিলেন তিনি। সরাসরি আইএসএফ বিধায়কের নাম নিয়ে তৃণমূল বিধায়ক বলেন, "নওশাদ সিদ্দিকীর মদতে খুন করা হয়েছে। বিকেল থেকে দুটো মিটিং শেষ করে বাড়ি ফিরছিল রজ্জাক। তাকে গুলি করে, কুপিয়ে খুন করা হয়েছে। আসলে ভাঙড় এলাকায় অদের অস্তিত্ব বিলীন হয়ে যাচ্ছে বলে এইসব কাজ করছে।

# সিনেমার খবর

## আবার ঐশ্বরিয়ার বিচ্ছেদ গুঞ্জন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



আবার নতুন বলিউডের বাতাসে ভাসতে শুরু করেছেন অভিনেত্রী ঐশ্বরিয়া রাই বচ্চনের বিয়েবিচ্ছেদের গুঞ্জন। গত কয়েক বছরে বহুবার শোনা গেছে, স্বামী অভিনেতা অভিষেক বচ্চনের সঙ্গে দাম্পত্য জীবনের ইতি টানতে যাচ্ছেন ঐশ্বরিয়া। কিন্তু গুঞ্জন জোরালো হতে না হতেই হঠাৎ করে থেমে গেছে। আবার নতুন করে বিচ্ছেদ গুঞ্জন ডালপালা মেলতে শুরু করেছে, পদবি বদলের ঘটনায়।

আনন্দবাজার, আজকালসহ আরও কয়েকটি ভারতীয় সংবাদমাধ্যম জানিয়েছে, কিছুদিন আগে সাবেক এ বিশ্বসুন্দরী নিজের নাম থেকে 'বচ্চন' পদবি সরিয়ে আগের 'রাই' পদবিতে ফিরে গেছেন। এমনকি মায়ের বাড়ি ফিরে গেছেন শাশুড়ি ও ননদের সঙ্গে বনিবনা না হওয়ায়।

আম্বানিদের বিয়েতেও ঐশ্বরিয়ার মেয়ে আরাধ্যাকে নিয়ে আলাদাভাবে আসতে দেখা গেছে তাঁকে। যাঁকে কেন্দ্র করে পুনরায় নেটিজেনদের আলোচনায় উঠে এসেছে অভিষেক-ঐশ্বরিয়ার বিচ্ছেদের বিষয়টি। কিন্তু এখনও এ বিষয়ে নীরব অভিনেত্রী। অভিষেক বাধ্য হয়েছেন মুখ খুলতে।

সম্প্রতি হিন্দি সিনেমায় নিজের ২৫ বছর পূর্তি উপলক্ষে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'ঐশ্বরিয়ার সঙ্গে সম্পর্কের বিষয়টি আমি যতই পরিষ্কার করি না কেন এর সমাধান হবে না। আমি যা-ই বলব সত্যির বদলে লোক তথ্য বিকৃত করবে। কারণ, নেতিবাচক খবরই বিক্রি হয়। তাই এখন ভাবি, আমার জীবনের সঙ্গে যারা জড়িয়ে নেই, তাদের উত্তর দেওয়ার দায়ও আমার নেই।'

## তবে কি এ আর রাহমান-জে হোপকে একসঙ্গে দেখা যাবে



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

পৃথিবীর অন্যতম জমকালো আয়োজন প্যারিস ফ্যাশন উইক। ফ্রান্সের রাজধানী ও ফ্যাশনের শহর প্যারিসে ২৪ জুন থেকে শুরু হওয়া এবারের আসরের পর্দা নেমেছে ২৯ জুন।

এবারের আয়োজনে লুই ভুঁতোর শোতে নতুন চমক নিয়ে হাজির হয়েছিলেন অস্কারজয়ী সংগীতশিল্পী এ আর রাহমান। সেখানে তিনি তার পাঞ্জাবি গান 'ইয়ারা'-এর প্রিমিয়ার করেন। মার্কিন সংগীত প্রযোজক ফারেল উইলিয়ামস ও রাহমান যৌথভাবে গানটি তৈরি করেছেন।

গানটিতে রয়েছে ভারতীয় ধ্রুপদি সুর, বাজনার সঙ্গে ফারেলের সিগনেচার ওয়েস্টার্ন গ্রুপ, সব মিলিয়ে তৈরি করেছে এক ইউনিক ফিউশন।

এরআর রাহমান এই গানটি নিয়ে বলেছেন, এটি তার 'সাংস্কৃতিক সেতুবন্ধের নতুন প্রয়াস'। তবে এই গানটি নিয়ে বেশি আলোচনা এখন অন্য কারণে।

বিটিএস তারকা জে হোপ সামনের সারিতে বসে গানটি উপভোগ করেন। সেই ভিডিও মুহূর্তেই ছড়িয়ে পরে সামাজিক যোগাযোগমাধ্যমে। এমনকি রাহমান নিজেই তার ইনস্টাগ্রাম পেজে শেয়ার করেছে সেটি। ভিডিওটি ছড়িয়ে পড়তেই ভক্তদের মধ্যে উন্মাদনা শুরু হয়েছে। তারা আশা করছেন, দুজনকে একসঙ্গে দেখতে পারবেন তারা।

জে-জেড, বিয়ন্সে, ফিউচার, স্পাইক লির মতো অনেক তারকাই উপস্থিত ছিলেন প্যারিস ফ্যাশন উইকের এই আয়োজনে। তবে জে-হোপের দিকের ভক্তদের চোখ ছিল সবার। তাই রাহমান যখন ইনস্টাগ্রামে ভিডিওটি শেয়ার করেন, তখন থেকেই বিটিএস ফ্যানরা মন্তব্য করতে থাকেন, 'হোবি (জে হোপ) এবং রাহমান কবে আসবেন?'

তবে দুজনকে একসঙ্গে বিশ্বসংগীতের মঞ্চে একসঙ্গে দেখা যাবে কিনা তা সময় বলে দেবে। কারণ তাদের কাছ থেকে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

বলা প্রয়োজন, জে হোপ সংগীত দুনিয়ার এক আলোচিত নাম। বিশেষকরে বিটিএস ভক্তরা তার গানে রীতিমতো মুগ্ধ। সম্প্রতি তিনি মার্কিন গায়ক মিগুয়েলের সঙ্গে 'সুইট ড্রিমস' গানটি প্রকাশ করেছেন।

## ১০০ কোটির ক্লাবে আমির খানের 'সিতারে জমিন পার'

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



বলিউড সুপারস্টার আমির খানের নতুন সিনেমা 'সিতারে জমিন পার' বক্স অফিসে দারুণ সাড়া ফেলেছে। মুক্তির মাত্র ৯ দিনের মাথায় ছবিটি ১০০ কোটির ক্লাবে প্রবেশ করেছে।

২০ জুন মুক্তি পাওয়া এস প্রসন্ন পরিচালিত এই সিনেমাটি প্রথম দিনেই আয় করে ১০.৭ কোটি রুপি। নবম দিনে শনিবার ছবিটির আয় দাঁড়ায় ১২.৭৫ কোটিতে। এখন পর্যন্ত সিনেমাটির মোট আয় ১০৮.৩০ কোটি রুপি ছুঁয়েছে বলে ভারতীয় সংবাদমাধ্যম সূত্রে জানা গেছে।

'সিতারে জমিন পার' ছবিতে আমির খানের পাশাপাশি অভিনয় করেছেন জেনেলিয়া ডি সুজা। সিনেমাটি ইতোমধ্যেই দর্শক ও সমালোচকদের কাছ থেকে প্রশংসা পেয়েছে। হৃদয়স্পর্শী গল্পে নির্মিত এই ছবি একসঙ্গে হাসাবে এবং কাঁদাবে এমনটাই বলছেন দর্শকরা।

# বিদেশে বেস্ট বুমরা! ছাপিয়ে গেলেন কিংবদন্তি কপিল দেবকে

**স্টাফ রিপোর্টার, রোজদিন**


লর্ডসের অনার বোর্ডে নাম লেখালেন জসপ্রীত বুমরা। লর্ডস টেস্টের প্রথম দিন এক উইকেট নিয়েছিলেন। দ্বিতীয় দিন প্রথ ঘণ্টাতেই নেন আরও তিনটি উইকেট। তাও আবার এই তিন উইকেট নেন মাত্র ২ ওভারের মধ্যেই। লোয়ার অর্ডারে দুর্দান্ত জুটি গড়ে ইংল্যান্ড। শেষ দিকে আরও একটা উইকেট। সব মিলিয়ে পাঁচ উইকেট নেন জসপ্রীত বুমরা। আর এতে শুধু লর্ডসের অনার বোর্ডে নাম লেখানোই নয়, কিংবদন্তি কপিল দেবকেও ছাপিয়ে গেলেন জসপ্রীত বুমরা।




ভারতীয় বোলারদের মধ্যে টেস্ট ক্রিকেটে বিদেশের মাটিতে সবচেয়ে বেশি ফাইফারের রেকর্ড ছিল কিংবদন্তি কপিল দেবের। ১২ বার বিদেশের মাটিতে ইনিংসে পাঁচ কিংবা তার বেশি উইকেট নিয়েছিলেন কপিল দেব। এ বারের ইংল্যান্ড সফরের প্রথম টেস্ট লিডসেই সেই রেকর্ড ছুঁয়েছিলেন জসপ্রীত বুমরা। লর্ডস টেস্টের প্রথম ইনিংসে আরও একবার ফাইফার। সব মিলিয়ে বিদেশের মাটিতে তাঁর ১৩ তম ফাইফার। কপিল দেবের চেয়ে এগিয়ে। সব মিলিয়ে টেস্ট কেরিয়ারে ১৫তম।

টানা দুই টেস্টে ফাইফারের নজিরও গড়লেন জসপ্রীত বুমরা। প্রথম টেস্টে ফাইফার নিয়েছিলেন। ওয়ার্কলোড ম্যানেজের জন্য দ্বিতীয় টেস্টে তাঁকে বিশ্রাম দেওয়া হয়। লর্ডসে মন্থর পিচ। বোলাররা সেই গতি, বাউন্স পাচ্ছেন না। বলের আকৃতিও দ্রুত নষ্ট হওয়ায় তা বদলাতে হয়েছে। প্রথম দিন ভারত বেশি উইকেট না পেলেও রান আটকাতে সক্ষম হয়েছে। অবশেষে ইংল্যান্ডের প্রথম ইনিংস শেষ ৩৮৭ রানে। বুমরার পাঁচ উইকেট ছাড়াও সিরাজ, নীতীশ দুটি করে উইকেট নেন। জাডেজা একটি উইকেট নিয়েছেন।

## সাবালেঙ্কাকে হারিয়ে অঘটন, ফাইনালে অ্যানিসিমোভা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

উইম্বলডনে দুর্দান্ত পথচলায় ক্যারিয়ারে সবচেয়ে বড় ঘটনার জন্ম দিলেন অ্যামান্ডা অ্যানিসিমোভা। মেয়েদের এককের শীর্ষ খেলোয়াড় আরিনা সাবালেঙ্কাকে হারিয়ে প্রথমবারের মতো কোনো গ্র্যান্ড স্ল্যামের ফাইনালে উঠলেন যুক্তরাষ্ট্রের এই খেলোয়াড়।

সেন্টার কোর্টে সেমিফাইনালে শুরুটা দুর্দান্ত হয় অ্যানিসিমোভার। গত বছর দুটি গ্র্যান্ড স্ল্যাম জয়ী সাবালেঙ্কা দ্বিতীয় সেটে ঘুরে দাঁড়ালেও পারেননি তরুণ প্রতিপক্ষকে আটকাতে। ৬-৪, ৪-৬, ৬-৪ গেমে জিতে নতুন ইতিহাস রচনা করেন ২৩ বছর বয়সী অ্যানিসিমোভা। ২০০৪ সালে সেরেনা উইলিয়ামসের পর যুক্তরাষ্ট্রের সর্বকনিষ্ঠ নারী খেলোয়াড় হিসেবে উইম্বলডনের ফাইনালে উঠেছেন তিনি।

২০২৩ সালে মানসিক অবসাদের কারণে টেনিস থেকে লম্বা বিরতি নেন অ্যানিসিমোভা। একারণে ডাব্লিউটিএ র‍্যাঙ্কিংয়ে ৪০০ এর বাইরে চলে যান তিনি। চলতি আসরে তিনি খেলছেন ১৩তম বাছাই হিসেবে। ২০১৯ সালের ফরাসি ওপেনের সেমি-ফাইনালে খেলার পর, এই প্রথম গ্র্যান্ড স্ল্যামের শেষ চারে ওঠেন অ্যানিসিমোভা। এবার পা রাখলেন নতুন উচ্চতায়।

তিনবারের গ্র্যান্ড স্ল্যাম জয়ী বেলারুশের তারকা সাবালেঙ্কার প্রথমবার উইম্বলডনের ফাইনালে খেলার অপেক্ষা আরও বাড়ল। এই বছর অস্ট্রেলিয়ান ওপেন ও ফরাসি ওপেনের ফাইনালে হারেন তিনি।

## অস্ট্রেলিয়া দলের ঐতিহ্যবাহী দায়িত্ব ছাড়লেন লায়ন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অস্ট্রেলিয়ার হয়ে এক যুগেরও বেশি সময় ধরে স্পিন আক্রমণের বড় ভরসা নাথান লায়ন এবার এক ঐতিহাসিক দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন। যদিও অবসর নেওয়ার ভাবনা এখনই নেই তার, তবুও ১২ বছর ধরে পালন করা 'সংমাস্টার'-এর দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন অভিজ্ঞ এই স্পিনার। লায়ন নিজেই জানিয়ে দিলেন, এই দায়িত্ব তুলে দিচ্ছেন উইকেটকিপার-ব্যাটার অ্যালেক্স ক্যারির হাতে।

কী এই সংমাস্টার-এর দায়িত্ব?

অস্ট্রেলিয়ার ক্রিকেট সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ রীতি হলো, প্রতিটি জয়ের পরে ড্রেসিংরুমে দলগতভাবে 'আন্ডারনিথ দ্য সাউদার্ন ক্রস' গান গেয়ে উদযাপন করা। এই গান গাওয়ার নেতৃত্ব দিয়ে থাকেন 'সংমাস্টার'। রডনি মার্স শুরু করেছিলেন এই ঐতিহ্য, এরপর ডেভিড বুন, অ্যালান বর্ডার, রিকি পন্টিং, মাইক হাসির মতো কিংবদন্তিরা পালন করেছেন এই দায়িত্ব। মাইক হাসির পর এই দায়িত্ব পান নাথান লায়ন।

১২৫টি টেস্টে অংশ নিয়ে ৬৭টি জয়ের সাক্ষী থেকেছেন লায়ন। প্রতিটি জয়ের পরে সতীর্থদের সঙ্গে গান গেয়ে উদযাপন করেছেন তিনিই। সেই স্মৃতি আজও গর্বের সঙ্গে মনে রাখবেন বলে জানিয়েছেন লায়ন।



লায়ন বলেন, '১২ বছর ধরে এই দায়িত্ব পালন করতে পেরে আমি গর্বিত। যদিও এখনই অবসরের কথা ভাবছি না, তবে মনে হচ্ছে সময় এসেছে পরবর্তী প্রজন্মের হাতে এই দায়িত্ব তুলে দেওয়ার। ক্যারিকে দীর্ঘদিন ধরে দেখেছি মাঠে ও মাঠের বাইরে ও এই দায়িত্বের জন্য পুরোপুরি উপযুক্ত।'

অবসরের প্রসঙ্গে লায়ন জানিয়েছেন, অবসরের পরিকল্পনা এখনই নেই তার। বরং আরেকটি টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনাল খেলতে চান তিনি। বিশেষ করে ভারতের মাটিতে সিরিজ জয়ের স্বপ্ন এখনো পূরণ হয়নি তার। সেটাই পূর্ণ করে তবেই অবসরের পথে হাঁটতে চান লায়ন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR